



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান  
বিএমএসআর সেল  
মহাখালী, ঢাকা-১২১২।



ফোনঃ ২২২২৮১৫৫০, ই-মেইলঃ bmsreg.iphn@gmail.com, ওয়েব: http://iphn.dghs.portal.gov.bd

স্মারক নং:আইপিএইচএন/বিএমএসআর-সেল/২০২০/২১১/১৬৯

তারিখঃ ০৭/০২/২০২০ইং


**নিবন্ধনের জন্য আবেদনপত্র (ফরম-ক) ও নবায়নের জন্য আবেদনপত্র (ফরম-ঘ) পূরণে সহায়ক নির্দেশিকাঃ**

মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহার ব্যবহারের সরঞ্জামাদি (বিপণন নিয়ন্ত্রণ) আইন-২০১৩ এবং এতদসংক্রান্ত বিধিমালা-২০১৭ এর উদ্দেশ্য পূরণকল্পে নিবন্ধন সনদে যথাযথ তথ্য নিশ্চিত করার লক্ষ্যে নিবন্ধনের জন্য আবেদনপত্র (ফরম-ক) এবং নিবন্ধন নবায়নের আবেদনপত্র (ফরম-ঘ) পূরণের জন্য আবেদনকারীদের প্রতি নিম্নলিখিত সহায়ক নির্দেশনা জারি করা হলো:

- আবেদনকারী ব্যক্তি/ব্যক্তিবর্গের নাম, কোম্পানী/সংস্থার নাম এবং কোম্পানী/সংস্থার যোগাযোগের ঠিকানা (ফোন নং ও ই-মেইলসহ) স্পষ্টাকারে লিখতে হবে ও আবেদনকারীর পাসপোর্ট সাইজের প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
- ফরম “ক” ও “ঘ” এর উল্লিখিত ছকের ২ নং কলামে আবেদনকারীর নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, মোবাইল/টেলিফোন নং, ফ্যাক্স নম্বর (যদি থাকে) এবং ই-মেইল ঠিকানা স্পষ্টাকারে লিখতে হবে। এবং ফরম “ক” ও “ঘ” এর উল্লিখিত ছকের ২ নং কলামে আবেদনকারী এবং আমদানিকারক/কোম্পানী/সংস্থার স্বত্বাধিকারী ভিন্ন ব্যক্তি হলে বা আবেদনকারী আমদানিকারক/কোম্পানী/সংস্থার প্রতিনিধিত্ব করলে মূল আমদানিকারক/কোম্পানী/সংস্থার স্বত্বাধিকারী বা পরিচালকের নাম, যোগাযোগের ঠিকানা, মোবাইল/টেলিফোন নং, ই-মেইল এড্রেস এবং জার্তীয় পরিচয়পত্রের নম্বর উল্লেখ করতে হবে। সেক্ষেত্রে, আবেদনকারীকে আমদানিকারক/স্বত্বাধিকারী/পরিচালক কর্তৃক প্রদত্ত “লেটার অব অথরাইজেশন” দাখিল করতে হবে।
- ফরম “ক” ও “ঘ” এর উল্লিখিত ছকের ৩ নং কলাম পূরণে নিম্নলিখিত তথ্যাদি উল্লেখ করতে হবেঃ
  - পণ্যের নাম:
  - ব্র্যান্ড নাম:
  - পণ্যটি অনূর্ধ্ব পাঁচ বছরের যে বয়সী শিশুর উপযুক্ত
  - পণ্যের ধরণ: মাতৃদুগ্ধ বিকল্প/শিশু খাদ্য/বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য
  - ধারণপাত্রের ধরণ: বাস্ক/বোতল/বুড়ি/টিন/কৌটা/ব্যারেল/আধার (Case)/পাত্র/টিউব/গ্রাস/মগ/বস্তা/অন্য সামগ্রী (ব্যাগ ইন বস্ক)
  - প্রতিটি ধারণপাত্রে পণ্যের পরিমাণ
  - উৎস দেশ (আমদানিকৃত পণ্যের ক্ষেত্রে)
  - উৎস দেশ ও রপ্তানীকারক দেশ ভিন্ন হলে রপ্তানীকারক দেশের নাম
  - আমদানিকৃত পণ্যের ক্ষেত্রে, যে অবস্থায় পণ্যটি আমদানি করা হয়েছে তার বিবরণ (বায়ুরুদ্ধ টিন/বায়ু নিরোধক বাস্ক ব্যাগ/ব্যাগ ইন বস্ক)
- ফরম “ক” এবং “ঘ” এর ছকের ৪ নং কলাম পূরণে নিম্নলিখিত তথ্যাদি উল্লেখ করতে হবে:
  - পণ্য উৎপাদনের বিবরণ:
    - উৎপাদন পদ্ধতি (যেমন- স্প্রে, রোলার বা ফ্রিজ ডাইং)
    - ব্যবহৃত প্রোটিনের উৎস
    - উৎপাদনকারী প্রতিষ্ঠান/কারখানার নাম ও যোগাযোগের ঠিকানা (ফোন নং ও ই-মেইলসহ)
    - ধারণপাত্রে ভরা/মোড়কজাতকারী প্রতিষ্ঠানের নাম ও যোগাযোগের ঠিকানা (ফোন নং ও ই-মেইলসহ)
  - পরিমাণ:
    - নমুনায় উল্লিখিত ব্যাচে উৎপাদিত পণ্যের পরিমাণ
    - পরবর্তী তিন বৎসরে পণ্য আমদানি/উৎপাদনের প্রাক্কলিত পরিমাণ
- ফরম “ক” ও “ঘ” এর ৫ নং কলামে নিম্নলিখিত তথ্যাদি উল্লেখ করতে হবে:
  - ধারণপাত্র মোড়কের আকার (মিমি X মিমি = বর্গ মিমি)
  - লোগো (যদি থাকে)-এর আকার (মিমি X মিমি = বর্গ মিমি)
  - পণ্যের নামের আকার (মিমি X মিমি = বর্গ মিমি)
  - “মায়ের দুধের বিকল্প বা উহার সমকক্ষ কিছুই নাই” - শীর্ষক বিবৃতির আকার (মিমি X মিমি = বর্গ মিমি)
  - প্রতিটি আকার (দৈর্ঘ্য X প্রস্থ = বর্গমিলিমিটারে) উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজাদি ক্রমানুসারে সংযুক্ত করতে হবে:
  - তেজস্ক্রিয়তামুক্ত হওয়া সম্পর্কে উৎস দেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রদত্ত নিরাপত্তা সার্টিফিকেট কপি;
  - তেজস্ক্রিয়তামুক্ত হওয়া সম্পর্কে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন কর্তৃক প্রদত্ত নিরাপত্তা সার্টিফিকেটের সত্যায়িত কপি;

- ৬.৩ বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউট কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি;
- ৬.৪ ট্রেজারি চালানের মূল কপি;
- ৬.৫ জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;
- ৬.৬ ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি;
- ৬.৭ ট্যাক্স আইডেন্টিফিকেশন সার্টিফিকেটের সত্যায়িত কপি;
- ৬.৮ কোম্পানী হলে মেমোরেভাম এর এসোসিয়েশন, আর্টিকেলস অব এসোসিয়েশন এবং সার্টিফিকেট অব ইনকর্পোরেশনের কপি;
- ৬.৯ আমদানিকৃত পণ্যের ক্ষেত্রে, আমদানি নিবন্ধন সনদের কপি;
- ৬.১০ আমদানিকৃত পণ্যের ক্ষেত্রে, উৎপাদনকারী দেশের সরকার, অনুমোদিত কর্তৃপক্ষ বা সংস্থা কর্তৃক ইস্যুকৃত 'কান্ট্রি অব অরিজিন' সার্টিফিকেটের কপি;
- ৬.১১ আমদানিকৃত পণ্যের ক্ষেত্রে, স্থানীয় আমদানিকারক ও পণ্যটি বাংলাদেশে যে ব্র্যান্ড নামে বাজারজাতকরণ করা হবে, এতদসংক্রান্ত বিষয়ে উৎপাদনকারী/রপ্তানীকারক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;
- ৬.১২ স্থানীয়ভাবে উৎপাদিত পণ্য ও বায়ু নিরোধক বাক্স ব্যাগে আমদানিকৃত পণ্যের ক্ষেত্রে স্থানীয় মোড়কজাতকারী প্রতিষ্ঠানের বিএসটিআই কর্তৃক প্রদত্ত নিবন্ধন সনদপত্রের কপি;
- ৬.১৩ উৎস দেশ ও রপ্তানীকারক দেশ ভিন্ন হলে উৎসদেশ/রপ্তানীকারক দেশের কোডেক্স কন্টাক্ট পয়েন্টের প্রত্যয়নপত্র;
- ৬.১৪ আমদানিকৃত পণ্যের ক্ষেত্রে, পণ্যের বাংলাদেশ মাণ নির্ধারণ না থাকলে বিএসটিআই/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র/উৎসদেশ বা রপ্তানীকারকদেশের কোডেক্স - কন্টাক্ট পয়েন্ট কর্তৃক প্রদত্ত সনদের কপি;
- ৬.১৫ মোড়কে উল্লিখিত পুষ্টি উপাদানের পণ্যে উপস্থিতির স্বপক্ষে প্রমাণক টেস্ট রিপোর্ট/বিএসটিআই/বিসিএসআইআর/অ্যাক্রিডেটেড ল্যাব রিপোর্ট;
- ৬.১৬ পণ্যে ব্যবহৃত উপাদান ও এর বিশ্লেষণ রিপোর্ট;
- ৬.১৭ প্রকৃত আকার ও রঙে ধারণপাত্র মোড়কের তিনটি নমুনা কপি;

উপর্যুক্ত নির্দেশনা অনুযায়ী আবেদনপত্র পূরণপূর্বক দাখিলের অনুরোধ করা গেল।

 7/2/23  
(অধ্যাপক ডা. শাহ গোলাম নবী)

পরিচালক

জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান

মহাখালী, ঢাকা-১২১২।

(ফোন: ২২২২৮১৫৫০)

তারিখ: ৭/০২/২০২৩ইং


স্মারক নং:আইপিএইচএন/বিএমএসআর-সেল/২০২০/২১১/.....২৬২

বিতরণ (সদয় অবগতির জন্য) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: সচিব মহোদয়ের একান্ত সচিব);
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক (সমন্বয়));
- ৩। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৪। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
- ৫। লাইন ডাইরেক্টর, জাতীয় পুষ্টিসেবা, মহাখালী, ঢাকা;
- ৬। উপসচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৭। অফিস নথি।

বিতরণ (কার্যার্থে):-

- ১। ওয়েব পোর্টাল;
- ২। বিএমএসএসআর কমিটি (সকল সদস্য);
- ৩। মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য ও বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্যের নিবন্ধনের জন্য আবেদনকারী (সকল);

 07-02-23  
ডা. জয়াশীরায়া  
অ্যাপ্লাইড নিউট্রিশনিষ্ট  
(সহকারী পরিচালক)  
জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান  
মহাখালী, ঢাকা-১২১২

**ফরম-ক'**  
[বিধি ১০ (১) দ্রষ্টব্য]  
নিবন্ধনের জন্য আবেদনপত্র

সত্যায়িত  
ছবি

প্রাপক  
পরিচালক  
জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা।

মহোদয়,

আমি/আমরা.....  
(কোম্পানি/সংস্থার নাম) .....  
ঠিকানা: .....

নিম্নবর্ণিত মাতৃদুগ্ধ বিকল্প/শিশু খাদ্য/বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য/উহা ব্যবহারের সরঞ্জামাদি আমদানি, স্থানীয়ভাবে উৎপাদন, বিপণন, বিক্রয় বা বিতরণ করিবার উদ্দেশ্যে নিবন্ধনের জন্য এতদসঙ্গে বিধি ১০ এর উপ-বিধি (২) এ উল্লিখিত সকল কাগজাদি সংযোজনপূর্বক আবেদন করিতেছি, যথা:-

ক্রমিক নং	আবেদনকারীর নাম, ঠিকানা ও মোবাইল/টেলিফোন/ ই-মেইল/ফ্যাক্স নম্বর	পণ্যের নাম, বিবরণ, নমুনা ও উৎস দেশের নাম	পণ্যের উৎপাদনের বিবরণ ও পরিমাণ	ধারণপাত্র ও মোড়কের নমুনা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
	<p>আবেদনকারীর নাম: বর্তমান ঠিকানা: স্থায়ী ঠিকানা: মোবাইল/টেলিফোন নং: ফ্যাক্স (যদি থাকে): ই-মেইল:</p> <p>আবেদনকারী এবং আমদানিকারক/কোম্পানী/সংস্থার স্বত্বাধিকারী ভিন্ন ব্যক্তি হলে বা আবেদনকারী আমদানিকারক/কোম্পানী/সংস্থার প্রতিনিধিত্ব করলে মূল আমদানিকারক/কোম্পানী/সংস্থার স্বত্বাধিকারী বা পরিচালকের নাম, যোগাযোগের ঠিকানা, মোবাইল/টেলিফোন নং, ই-মেইল এড্রেস এবং জাতীয় পরিচয়পত্রের নম্বর উল্লেখ করতে হবে। সেক্ষেত্রে, আবেদনকারীকে আমদানিকারক/স্বত্বাধিকারী/পরিচালক কর্তৃক প্রদত্ত "লেটার অব অথরাইজেশন" দাখিল করতে হবে</p>	<p>পণ্যের নাম: (ইনফ্যান্ট ফর্মুলা, ফলো-আপ ফর্মুলা ইত্যাদি) ব্র্যান্ড নাম: (যে নামে বিপণন করা হবে) পণ্যটি অনূর্ধ্ব পাঁচ বছরের যে বয়সী শিশুদের উপযোগী: পণ্যের ধরণ: মাতৃদুগ্ধ বিকল্প/শিশু খাদ্য/ বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ধারণপাত্রের ধরণ: বাক্স/ বোতল/ বুড়ি/ টিন/ কৌটা/ ব্যারেল/ আধার (Case)/পাত্র /টিউব /গ্লাস/মগ/বস্তা/অন্য সামগ্রী (ব্যাগ ইন বক্স) প্রতিটি ধারণপাত্রে পণ্যের পরিমাণ: উৎস দেশ (আমদানিকৃত পণ্যের ক্ষেত্রে): উৎস দেশ ও রপ্তানীকারক দেশ ভিন্ন হলে রপ্তানীকারক দেশের নাম: আমদানিকৃত পণ্যের ক্ষেত্রে, যে অবস্থায় পণ্যটি আমদানি করা হয়েছে তার বিবরণ (বায়ুরুদ্ধ টিন/বায়ু নিরোধক বাক্স ব্যাগ/ব্যাগ ইন বক্স):</p>	<p>উৎপাদন পদ্ধতি (যেমন- প্রেস, রোলার বা ফিজ ডাইং) ব্যবহৃত প্রোটিনের উৎস: উৎপাদনকারী প্রতিষ্ঠান/ কারখানার নাম ও যোগাযোগের ঠিকানা (ফোন নং ও ই-মেইলসহ): ধারণপাত্রে ভরা/ মোড়কজাতকারী প্রতিষ্ঠানের নাম ও যোগাযোগের ঠিকানা (ফোন নং ও ই-মেইলসহ) নমুনায় উল্লেখিত ব্যাচে উৎপাদিত পণ্যের পরিমাণ: পরবর্তী তিন বৎসরে পণ্য আমদানি/উৎপাদনের প্রাক্কলিত পরিমাণ:</p>	<p>ধারণপাত্র মোড়কের আকার (মিমি X মিমি = বর্গ মিমি) লোগো (যদি থাকে) -এর আকার (মিমি X মিমি = বর্গ মিমি) পণ্যের নামের আকার (মিমি X মিমি = বর্গ মিমি) "মায়ের দুধের বিকল্প বা উহার সমকক্ষ কিছুই নাই" - শীর্ষক বিবৃতির আকার (মিমি X মিমি = বর্গ মিমি)</p>

সত্যপাঠ: এই আবেদনে উল্লিখিত ও সংযুক্ত সকল তথ্য ও কাগজাদি আমার জ্ঞানমত সত্য ও সঠিক।

তারিখ:

(আবেদনকারীর নাম ও স্বাক্ষর)